Date: 18.10.2021

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

Course : GE-1

1st Semester

Pranab Kirtunia

Assistant Professor

Department of Philosophy

Bejoy Narayan Mahavidyalaya

West Bengal

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

**বিভিন্ন প্রকার অনুমান - উদ্দেশ্য সাধনার্থে অনুমান দুই প্রকার:**

**স্বার্থানুমান**

**পরার্থানুমান**

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

## পরার্থানুমানের অবয়ব:

প্রতিজ্ঞা

হেতু

উদাহরণ

উপনয়

নিগমন

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

ন্যায় দর্শন মতে অনুমান হলো দ্বিতীয় প্রমাণ । প্রথম প্রমাণ হলো প্রত্যক্ষ এবং দ্বিতীয় প্রমাণ হলো অনুমান। 'পরামর্শ জন্যং জ্ঞানং অনুমিতি' অর্থাৎ পরামর্শের জন্য যে জ্ঞান উৎপন্ন হয় তাই হলো অনুমিতি।'অনুমিতি করণং অনুমানম্' অর্থাৎ অনুমিতির করণ হল অনুমান।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

'অনুমান' শব্দটিকে বিশ্লেষণ করলে পাওয়া যায় 'অনু' ও 'মান'। 'অনু' শব্দের অর্থ হলো 'পশ্চাৎ' এবং 'মান' শব্দের অর্থ হলো 'জ্ঞান' অর্থাৎ 'অনুমান' শব্দের আক্ষরিক অর্থ হলো পশ্চাৎ জ্ঞান। অনুমান হলো একটি মানসিক প্রক্রিয়া যেখানে প্রত্যক্ষের কোন বিষয়ের জ্ঞানের উপর নির্ভর করে বা ভিত্তি করে অপ্রত্যক্ষিত বা অজ্ঞাত বিষয় সম্পর্কে জ্ঞান লাভ হয়।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

যেমন 'পর্বতে ধূম' প্রত্যক্ষ করে, 'পর্বতে বহ্নি আছে' এই জ্ঞান লাভ করা অনুমানের মাধ্যমেই সম্ভব।

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

অনুমানের ক্ষেত্রে আমরা দেখি যে, হেতু ও সাধ্যের মধ্যে সম্পর্ক বর্তমান। হেতুর দ্বারা আমরা সাধ্যকে অনুমান করি। যেমন এখানে ধোয়া বা ধূম হল হেতু , অগ্নি বা বহ্নি হল সাধ্য। অর্থাৎ পর্বতে 'ধোয়া' দেখে আমরা 'পর্বত বহ্নিমান' অনুমান করি।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

উদ্দেশ্য সাধনের ওপর ভিত্তি করে অনুমান দুই প্রকার:

**স্বার্থানুমান**

**পরার্থানুমান**

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

**স্বার্থানুমান:** আমরা যখন অনুমান করি তখন কখনও কখনও আমরা নিজে জ্ঞান লাভ করার জন্য অনুমান করি, আবার কখনও কখনও অন্য ব্যক্তির কাছে প্রমাণ করার জন্য আমরা অনুমান করি। যখন ব্যক্তি নিজের জ্ঞান লাভ করার জন্য অনুমান করে সেই অনুমানকে বলা হয় স্বার্থানুমান ।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

**স্বার্থানুমান:**যখন কোন ব্যক্তি বিভিন্ন অভিজ্ঞতার প্রাপ্ত জ্ঞানের উপর ভিত্তি করে অজ্ঞাত কোন বিষয় সম্পর্কে অনুমান করে এবং সেটি পরামর্শ জন্য জ্ঞান হয় এবং কেবলমাত্র নিজেই জ্ঞান লাভের জন্য অনুমান করে তখন সেই অনুমানকে বলা হয় স্বার্থানুমান।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

**স্বার্থানুমান:**যেমন পাহাড়ের ধোয়া বা ধূম দেখে ওই পাহাড়ে আগুন আছে বা  অগ্নি আছে –এইরূপ অনুমান করা হয় এবং ব্যক্তি নিজের জ্ঞান লাভের জন্য অনুমান করে।    এখানে পাহাড়ে ধোঁয়া দেখে এবং ধোঁয়া ও আগুনের নিয়ত সহচর সম্বন্ধ বা ব্যপ্তিজ্ঞানের উপর ভিত্তি করে 'পাহাড়ে আগুন আছে'– এটা অনুমান করা হয় ।

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

স্বার্থানুমান:নিজেই জ্ঞান লাভ করার জন্য এই ধরনের অনুমান করে অন্যের কাছে কিছু প্রমাণ করা প্রয়াস এখানে নেই তাই এটি স্বার্থানুমান ।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

**স্বার্থানুমান:** স্বার্থানুমানকে বিশ্লেষণ করলে তিনটি অবয়ব পাওয়া যায় ।- প্রতিজ্ঞা, হেতু , উদাহরণ। পাহাড়ে আগুন আছে –এটি প্রতিজ্ঞা।

পাহাড়টিতে ধোঁয়া আছে–হেতু।

যেখানে যেখানে ধোঁয়া থাকে সেখানেই আগুন থাকে, যেমন–পাকশালা, যজ্ঞশালা ।- উদাহরণ

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

**পরার্থানুমান:** যখন কোন ব্যক্তি অপরের কাছে কোন বিষয় প্রমাণ করার জন্য অনুমান করে বা অন্য কোন ব্যক্তিকে বোঝাবার জন্য অনুমান করে তখন সেই অনুমানকে বলা হয় পরার্থানুমান।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

**পরার্থানুমান:** এই অনুমান পরস্পর সম্পর্কিত বা সংযুক্ত পাঁচটি বাক্য বা অঙ্গবাক্য দ্বারা গঠিত সেইজন্য এই অনুমানকে পঞ্চ-অবয়বী ন্যায় বলা হয়। এই অবয়বগুলো হল: প্রতিজ্ঞা(পর্বত বহ্নিমান), হেতু(পর্বতটি ধূমবান), উদাহরণ (যেখানে ধূম সেখানে বহ্নি - যেমন রান্নাঘর।), উপনয় (পর্বতটিতে বহ্নিব্যাপ্য ধূম আছে) ও নিগমন(সুতরাং পর্বতটি বহ্নিমান)।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

### প্রতিজ্ঞা:

'প্রতিজ্ঞা' বাক্যের মাধ্যমে অনুমান কর্তা অনুমানের প্রতিপাদন বিষয়টিকে প্রকাশ করেন অর্থাৎ পক্ষে সাধ্যের উপস্থিতি প্রকাশ করা হয় 'প্রতিজ্ঞা' বাক্যের মাধ্যমে । যেমন – পর্বত বহ্নিমান । এখানে 'পর্বত' হল 'পক্ষ' এবং 'বহ্নি' হল 'সাধ্য'। 'পর্বত বহ্নিবিশিষ্ট' – এটা প্রকাশ করা হয় 'প্রতিজ্ঞা' বাক্যের মাধ্যমে। এটি প্রথম বাক্য।

অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

হেতু:

হেতু হল সাধ্যের সাধক। হেতুর দ্বারাই পক্ষে সাধ্যকে প্রতিপাদন করা সম্ভব হয়। পক্ষধর্মতাজ্ঞান থাকার ফলে বা পর্বতে ধূমের উপস্থিতিরজ্ঞান থাকার ফলে 'পর্বতে বহ্নি আছে'- এইরূপ বাক্য প্রমাণ করতে পারি। হেতু হল পঞ্চাবয়বী ন্যায়ের দ্বিতীয় অবয়ব।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

### উদাহরণ:

উদাহরণ হল পঞ্চবয়বী ন্যায়ের  তৃতীয় অবয়ব। উদাহরণ বাক্যের দ্বারাই  হেতু ও সাধের ব্যাপ্তি সম্পর্ককে প্রতিষ্ঠা করা হয়.  অর্থাৎ হেতু ও সাধ্য–এর মধ্যে যে নিয়ত, অব্যভিচারী, নিরুপাধিক  সম্বন্ধ রয়েছে– তা প্রতিষ্ঠা করা হয়। যেখানে ধূম সেখানে বহ্নি ।  যেমন– রান্নাঘর, যজ্ঞশালা ইত্যাদি।

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

## উপনয়:

উপনয় হল পঞ্চাবয়বী ন্যায়ের চতুর্থ অবয়ব। এখানে পরামর্শ বা লিঙ্গ পরামর্শজ্ঞান প্রতিফলিত হয়। অর্থাৎ পক্ষে সাধ্যের উপস্থিতি বা অবস্থান এবং একইসাথে হেতু ও সাধের যে ব্যাপ্তিসম্বন্ধ রয়েছে তা প্রতিফলিত হয়।

## অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

### নিগমন:

নিগমন বাক্যটি পঞ্চাবয়বী ন্যায়ের পঞ্চম বা শেষ অবয়ব। এটি প্রতিজ্ঞা বাক্যের কেবল পুনরাবৃত্তি নয়। কারণ প্রতিজ্ঞা ব্যাক্যে যা অনুমান করা হয়েছিল নিগমন বাক্যে সেটা প্রমাণ করা হয় বা প্রমাণিত। অর্থাৎ প্রতিজ্ঞা থেকে উপনয় পর্যন্ত চারটি বাক্যে যা বলা হয়েছে তার সন্মিলিত সিদ্ধান্ত।

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

- যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:
- 1) অনুমান শব্দের অর্থ কি?
- 2) অনুমানের লক্ষণ।
- 3) অনুমিতির লক্ষণ।
- 4) পরামর্শ কি?
- 5) প্রতিজ্ঞা কি?

# অনুমানের প্রকার:স্বার্থানুমান ও পরার্থানুমান

- যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে:
- 6) হেতু কি?
- 7) উদাহরণ কি?
- 8) উপনয় কি?
- 9) নিগমন কি?
- 10) স্বার্থানুমান কি?
- 11) পরার্থানুমান কি?

# Thank You